যুগান্তর

তারিখ ... 15 JUN 2017 ...
পৃষ্ঠা ... ২৬ ... কলাম ... ৭ ...

# কৃষি গবেষণা ইন্সটিটিউট ৯শ'রও বেশি প্রযুক্তি উদ্ভাবন করেছে

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট এ পর্যন্ত মোট ৯০০ টিরও বেশি কৃষিবান্ধব প্রযুক্তি উদ্ভাবন করেছে। এর মধ্যে ২০৮টিরও বেশি ফসলের ৫১২টি উচ্চ ফলনশীল (হাইব্রিডসহ), রোগ প্রতিরোধক্ষম ও বিভিন্ন প্রতিকূল পরিবেশ প্রতিরোধী জাত এবং ৪৮২টি প্রযুক্তি রয়েছে। এসব প্রযুক্তি উদ্ভাবনের ফলে দেশে গম, তেলবীজ, ডালশস্য, আলু, সবজি, মশলা এবং ফলের উৎপাদন ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে।

মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটে 'অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়।'

বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান মো. নাসিরুজ্জামান এবং কৃষি সম্প্রসারণ অধিদফতরের মহাপরিচালক কৃষিবিদ মো. গোলাম মারুফ।

উদ্বোধনী অনুষ্ঠানে বিএআরআই-এর গবেষণা কার্যক্রম ও সাফল্যের ওপর সংক্ষিপ্ত উপস্থাপনা করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটের পরিচালক (গবেষণা) ড. মো. লুৎফর রহমান। স্বাগত বক্তব্য রাখেন, বিএআরআই-এর পরিচালক ড. বীরেশ কুমার গোসামী এবং ধন্যবাদ জানান, ড. পরিতোষ কুমার মালাকার।

কর্মশালায় বিএআরআই এর অবসরপ্রাপ্ত মহাপরিচালকবৃন্দ, পরিচালকবৃন্দ, বিভিন্ন কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ প্রায় ৫০০ জন বিশেষজ্ঞ বিজ্ঞানী অংশগ্রহণ করেন।